# বদ্ধ সরকারী জলমহাল বন্দোবস্ত/ইজারার আবেদন ফরম

১। আবেদনকারী মৎস্যজীবি সংগঠন/সমিতি-
এর নাম ও ঠিকানা :

২। যে সরকারী জলমহালের জন্য বন্দোবস্ত/ইজারার আবেদন করা হয়েছে
সে জলমহালের নাম :

৩। জলমহালের বিবরণ :
তফসিল :
মৌজা :
জলমহালের পরিমাণ :
উপজেলা :
জেলা :

৪। সংগঠন/সমিতির রেজিস্ট্রেশন ও তারিখ :
(রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষের প্রত্যয়ন পত্র সংযুক্ত করতে হবে)

৫। সংগঠন/সমিতির গঠনতন্ত্র : সংযুক্ত হ্যাঁ ☐ না ☐

৬। নির্বাচিত সভাপতি ও সাধারণ সম্পাদকের নাম ও ঠিকানা (ছবিসহ) এবং
সভার কার্যবিবরণী : সংযুক্ত হ্যাঁ ☐ না ☐

৭। সদস্যের নামের তালিকা (ঠিকানা সহ) এবং নির্বাচিত নির্বাহী/কার্যকরী কমিটির তালিকা
(ঠিকানা সহ) : সংযুক্ত হ্যাঁ ☐ না ☐

৮। জলমহালের মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনার
পরিকল্পনা/রুপরেখা : সংযুক্ত হ্যাঁ ☐ না ☐

৯। ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট :

১০। অডিট রিপোর্ট (প্রযোজ্য ক্ষেত্রে) :

১১। টি,আই,এন নম্বর (যদি থাকে) :

১২। ইতোপূর্বে জলমহাল বন্দোবস্ত নিয়েছে কিনা, নিয়ে থাকলে, কোন রাজস্ব বকেয়া
আছে কিনা :

১৩। আবেদনকারী সংগঠন/সমিতির নামে সার্টিফিকেট মামলা/অন্য কোন আদালতে মামলা
আছে কিনা, মামলা থাকলে বর্তমান অবস্থা :

১৪। আবেদন ফি (অফেরৎযোগ্য) : ৫০০/- (পাঁচশত) টাকা।

১৫। দরপত্রের মূল্য :-

১৬। দাখিলকৃত দরের পরিমান :-

১৭। জামানত (সরকারী জলমহালের ব্যবস্থাপনা নীতি,- ২০০৯ অনুযায়ী
পে-অর্ডার/ব্যাংক ড্রাফট নং-
তারিখ:
(উপজেলা নির্বাহী অফিসার বরাবরে তফসিলি ব্যাংকের পে-অর্ডার/ব্যাংক ড্রাফটসংযুক্ত করতে হবে।)

উপরোক্ত বর্ণনা সঠিক ও সত্য। কোন তথ্য ভুল বা মিথ্যা প্রমাণিত হলে আমাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে। জলমহালটি আমাদের অনুকূলে ............ থেকে ............. বাংলা সনের জন্য বন্দোবস্ত প্রদানের অনুরোধ করছি।

সংযুক্তি : ............... ফর্দ।

তারিখ :

জেলা/উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির
সদস্য-সচিবের স্বাক্ষর, নামসহ তারিখ ও সীল

আবেদনকারীর স্বাক্ষর, নাম ও সীল

২৮/2/22

Scanned with CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
মেলান্দহ, জামালপুর।

# "বিজ্ঞপ্তি"

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মেলান্দহ উপজেলার ২০.০০ একর পর্যন্ত (বদ্ধ) আয়তন বিশিষ্ট নিম্ন বর্ণিত জলমহাল বাংলা ১৪২৯ সাল হতে ১৪৩১ সাল পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারার নিমিত্ত সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি'- ২০০৯ এর আলোকে নির্দিষ্ট ফরমে অন লাইনে আবেদন করার জন্য আহবান করা যাচ্ছে।

| দরপত্র বিক্রয়ের তারিখ | দরপত্র দাখিল / অন লাইনে আবেদনের শেষ তারিখ ও সময় | দরপত্র প্রাপ্তির স্থান | দরপত্র দাখিলের স্থান |
|---|---|---|---|
| ০১/০৩/২০২২ খ্রি. হতে ০৭/০৩/২০২২ খ্রি. পর্যন্ত সিডিউল বিক্রি হবে। | ০৬/০৩/২০২২ খ্রি. হতে ১০/০৩/২০২২ খ্রি. দুপুর ১:০০ টা পর্যন্ত। | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মেলান্দহ, জামালপুর এবং উপজেলা ভূমি অফিস, মেলান্দহ, জামালপুর। | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মেলান্দহ, জামালপুর এবং উপজেলা ভূমি অফিস, মেলান্দহ, জামালপুর। |

জলমহালের বিবরণঃ-

| ক্রমিক নং | জলমহালের নাম | ইউনিয়ন | আয়তন (একর) | সরকারী ইজারা মূল্য (প্রতি বছর) | প্রস্তাবিত ইজারার মেয়াদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১। | শিহরী খাস পুকুর | চরবানীপাকুরিয়া | ২.৩২ | ১১,০০০/- টাকা | ১৪২৯ - ১৪৩১ | |
| ২। | কালিদহ বিল | আদ্রা | ৩.৫০ | ১৫,৫০০/- টাকা | ১৪২৯ - ১৪৩১ | |

বর্ণিত যেকোন পর্যায়ে বিধি মোতাবেক কোন জলমহাল ইজারা প্রদান সম্পন্ন হলে পরবর্তী পর্যায়/পর্যায় সমূহের জন্য উক্ত জলমহালের ইজারার জন্য আবেদন গ্রহণযোগ্য হবে না। আবেদন ফরম প্রাপ্তির স্থান হতে বিস্তারিত তথ্য ও শর্তাবলী জানা যাবে।

## "শর্তাবলী"

১। স্থানীয় সমবায় বা সমাজসেবা অধিদপ্তর নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবি সমিতি/ সংগঠন ব্যতিত অন্য কোন সমিতি ইজারার জন্য আবেদন করতে পারবে না। অফিস চলাকালীন সময়ে নির্ধারিত ফরমে অন লাইনে আবেদন করতে হবে।

২। জলমহাল ইজারার মেয়াদ ১ লা বৈশাখ ১৪২৯ বাংলা সন হতে ৩০ শে চৈত্র ১৪৩১ বাংলা সন পর্যন্ত কার্যকর হবে।

৩। অফিস চলাকালীন সময়ে উপরে বর্ণিত স্থান সমূহ হতে ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যের (অফেরৎযোগ্য) জলমহাল ও বিল/খাস পুকুর ইজারা সংশ্লিষ্ট ১/৪৬৩১/০০০০/১২৬১ নং কোডে ট্রেজারী চালানের মাধ্যমে জমা পূর্বক আবেদন ফরম ক্রয় করা যাবে।

৪। সংশ্লিষ্ট জলমহালের ইজারা মূল্যের ২০% অর্থ জামানত হিসাবে সিডিউল ব্যাংক ড্রাফট/ পে অর্ডার [illegible] উপজেলা নির্বাহী অফিসার, মেলান্দহ, জামালপুর এর অনুকূলে আবেদনের সাথে দাখিল করতে হবে।

৫। সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবি সংগঠন। সমিতিগুলো প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবে। যদি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী প্রকৃত মৎস্যজীবি সংগঠন পাওয়া না যায়, তাহলে সেক্ষেত্রে অন্যান্য পার্শ্ববর্তী উপজেলা/জেলা মৎস্যজীবি সংগঠন/সমিতিকে জলমহাল বন্দোবস্ত প্রাদানের বিষয়ে বিবেচনা করা হবে।

৬। আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি বা সমিতিকে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সদস্য-সচিবের সীল সম্বলিত স্বাক্ষরসহ নির্দিষ্ট ফরমে আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে সংগঠন/সমিতির নির্বাচিত কমিটি, সংগঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্রসহ প্রয়জনীয় তথ্য ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে। এছাড়া সংশ্লিষ্ট মৎস্যজীবি সংগঠন/সমিতি ৩ বছর মেয়াদী লীজ পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহাল এর মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠ ব্যবস্থাপনা পরিকল্পনা/রুপরেখা সংযুক্ত করতে হবে। আবেদন অসম্পূর্ণ থাকলে তা বাতিলযোগ্য হবে।

৭। আবেদনকারী কোন মৎস্যজীবি সংগঠন/সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবি নহেন, তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্তের অযোগ্য বিবেচিত হবে। তাছাড়া আবেদনকারী মৎস্যজীবি সংগঠন/সমিতি যেগুলো বর্তমানে কার্যকর আছে, তার প্রমাণস্বরুপ উপজেলা সমবায়/সমাজসেবা অধিদপ্তর কর্তৃক প্রত্যয়নপত্র আবেদনের সাথে দাখিল করতে হবে এবং সাথে ০১ (দুই) বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে নতুন সংগঠনের/সমিতির জন্য অডিট রিপোর্টের প্রয়োজন হবে না।

৮। মৎস্যজীবি সংগঠন/সমিতিকে যাচাই-বাছাই এর ক্ষেত্রে উক্ত সংগঠন/সমিতির কোন জঙ্গি সম্পৃক্ততা থাকলে এবং পূর্বের কোন জলমহালের ইজারা মুল্য পরিশোধ খেলাপী হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে কোন মামলা থাকলে সংশ্লিষ্ট সংগঠন/সমিতিকে উক্ত জলমহাল বন্দোবস্ত প্রদান করা হবে না।

চলমান পাতা- ২

Scanned with CamScanner

৯। আবেদনে স্বাক্ষর থাকতে হবে। খামের উপর জলমহালের নাম সুস্পষ্টভাবে লিখতে হবে।

১০। কোন মৎস্যজীবি সমবায় সমিতি/সংগঠন/সমিতিকে দুইটির অধিক জলমহাল বন্দোবস্ত দেওয়া হবে না।

১১। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটিত সিদ্ধান্তের প্রেক্ষিতে আবেদন ফরমে দাখিলকৃত বৈধ ইজারা প্রাপ্ত প্রকৃত মৎস্যজীবি সংগঠন/সমিতি ১ম বছরে সাকুল্য ইজারা টাকা এবং ইজারা মূল্যের উপর ৫% আয়কর ও ১৫% ভ্যাট সহ ০৭ (সাত) দিনের মধ্যে পরিশোধ করতে হবে। অনুরূপভাবে ২য় ও ৩য় বছরের সাকুল্য ইজারার টাকা এবং ইজারা মুল্যের উপর ৫% আয়কর ও ১৫% ভ্যাট সহ সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি-২০০৯ মোতাবেক পরিশোধ করতে হবে।

১২। সময়মত লীজমানি পরিশোধ না করলে, তথ্য গোপন করলে কিংবা অন্য কোন অনিয়মের কারণে কোন জলমহালের লীজ বাতিল হলে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি উক্ত জলমহাল পুনরায় যথা নিয়মে লীজ প্রদান করতে পারবেন।

১৩। বন্দোবস্ত গ্রহীতাকে সংশ্লিষ্ট জলমহালের বছর ভিত্তিক উন্নয়ন কার্যক্রম সম্বলিত তথ্য উপজেলা নির্বাহী অফিসার মেলান্দহ এর জন্য পেশ করতে হবে।

১৪। ইজারা প্রাপ্ত প্রকৃত মৎস্যজীবি সংগঠন/সমিতি প্রথম বছরে সাকুল্য টাকা পরিশোধের পর ইজারা চুক্তি সম্পাদন করে জলমহালের দখল বুঝে নিতে হবে। জামানতের অর্থ ইজারার শেষ বছরের ইজারা মুল্যের সাথে সমন্বয় করা হবে। ২য় বছরের সম্পুর্ন ইজারা মুল্য ১ম বছরের ১৫ই চৈত্র এর মধ্যে পরিশোধ করতে হবে এবং ৩য় বছরেও সম্পূর্ন ইজারা মুল্য ২য় বছরের ১৫ই চৈত্র এর মধ্যে পরিশোধ করতে হবে। দরপত্রের গৃহীত মুল্য ও ইজারা মুল্য ০৩ (তিন) বছর অপরিবর্তীত থাকবে। নির্ধারিত তারিখের মধ্যে যুক্তিসংগত কারণ ব্যতিত সমুদয় ইজারা মুল্য পরিশোধে ব্যর্থ হলে কর্তৃপক্ষ জলমহালের ইজারা বাতিল করার ক্ষমতা রাখেন, সাব-লীজ বা হস্তান্তর করা হয় তাহলে জামানত সহ জমাকৃত ইজারা মুল্য সরকারের অনকুলে বাজেয়াপ্ত হবে।

১৫। লীজ গ্রহীতা তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাব-লীজ বা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠিকে হস্তান্তর করতে পারবেন না বা অন্য কোণ উপায়ে তা ব্যবহার করতে পারবেন না। যদি তা করে থাকে তাহলে ইজারা কর্তপক্ষ জলমহালের ইজারা বাতিল করার ক্ষমতা রাখেন, সাব-লীজ বা হস্তান্তর করা হয়, তাহলে জামানত সহ জমাকৃত ইজারা মুল্য সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে।

১৬। সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি-২০০৯ এর সকল শর্ত, নীতি ও সিদ্ধান্ত মানতে বাধ্য আছেন মর্মে অঙ্গিকার করিলেন।

১৭। জলমহাল ইজারার মেয়াদ ১লা বৈশাখ থেকে শুরু হবে এবং বছরের যে কোন সময় জলমহালের ইজারা গ্রহণ করলেও ইজারা মেয়াদ ১লা বৈশাখ থেকে কার্যকর হবে এবং একই বছরের ৩০ শে চৈত্র তারিখে তা শেষ হবে। এই সময়ের মধ্যে কোন কারণে খাস কালেকশন করা হলে তা সরকারী খাতে জমা করা হবে, ইজারা প্রাপ্ত সমিতি তা পাবে না।

১৮। ইজারার মেয়াদ শেষ হলে মাছ সংরক্ষণের জন্য কোন অতিরিক্ত সময় মঞ্জুর করা হবে না। ইজারার মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট জলমহালে ইজারা গ্রহীতার সকল অধিকার বিলুপ্ত হবে।

১৯। আদালতের আদেশ কিংবা অন্য কোন যুক্তিসংগত কারণে কর্তৃপক্ষ যে কোন সময় ইজারা কার্যক্রম স্থগিত কিংবা বাতিলের ক্ষমতা রাখেন।

২৮/০২/২২

( মোহাম্মদ শফিকুল ইসলাম )
উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি
মেলান্দহ, জামালপুর।

স্মারক নং- ৩১.৩০.৩৯৬১.০০২.০৬.০০০.১৯- ১০৯

তারিখঃ- ২৮/০২/২০২২ খ্রি. ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে

১। মাননীয় সংসদ সদস্য, ১৪০-জামালপুর-৩।
২। জেলা প্রশাসক, জামালপুর।
৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), জামালপুর।
৪। উপজেলা চেয়ারম্যান, মেলান্দহ, জামালপুর।
৫। উপজেলা নির্বাহী অফিসার, মেলান্দহ, জামালপুর।
৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা মেলান্দহ থানা, মেলান্দহ, জামালপুর।
৭। উপজেলা কৃষি অফিসার, মেলান্দহ, জামালপুর।
৮। উপজেলা মৎস্য কর্মকর্তা, মেলান্দহ, জামালপুর।
৯। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মেলান্দহ, জামালপুর।

Scanned with CamScanner